

💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ভূমিকা

সহীহ সুন্নাহ বা হাদীস দ্বারা শুদ্ধ আমল ও ইবাদত করতে বাংলার মুসলিম সমাজকে অনুপ্রাণিত করার উদ্দেশ্যে এটি একটি ক্ষুদ্র প্রচেষ্টা। যেহেতু সন্দিপ্ধ যয়ীফ হাদীসকে ভিত্তি করে কোন আমল করার চেয়ে সহীহ হাদীসকেই ভিত্তি করে নিঃসন্দেহে নিশ্চিতরূপে আমল করাটাই উত্তম। কারণ যয়ীফ হাদীস দ্বারা আমল 'বিদআত' বলে পরিগণিত।। বাংলাভাষায় লিখিত অধিকাংশ দুআ ও যিকরের বই-পুস্তকগুলিতে অনেক যয়ীফ হাদীস থেকে দুআ ও যিকর সংকলিত হয়েছে। যার প্রতি বিশেষ দৃষ্টি রেখে -আমার। জানা মতে -বিশুদ্ধ হাদীস থেকে বিশুদ্ধ দুআগুলি অত্র পুস্তিকায় সংকলন করেছি। এ প্রয়াস আল-মাজমাআর সমবায় ইসলামী দাওয়াত অফিসের কর্তৃপক্ষের নিকট ব্যক্ত হলে তাঁরা বইটিকে প্রকাশ করার দায়িত্ব গ্রহণ করেন। এর জন্য আমি নিজের এবং তাঁদের জন্য আল্লাহর নিকট উত্তম প্রতিদানের আশা রাখি।। অর্থ-হৃদয়ঙ্গম সহ নামায, দুআ ও যিকর আদি করাই উত্তম ও আবশ্যিক ভেবে এ পুস্তিকায় প্রত্যেক দুআর শেষে তার অর্থ সংযোজিত হয়েছে। আরবী জানেন না এমন বাঙালী-পাঠকের জন্য দুআর বাংলা উচ্চারণও তার সাথে যুক্ত করা হয়েছে। কিন্তু আরবী ভিন্ন কোন অন্য ভাষায় কুরআন কারীমের আয়াত লিখা ওলামাদের ফতোয়া মতে অবৈধ বলে কোন কুরআনী দুআর উচ্চারণ দেওয়া সম্ভব হয়নি। আশা করি।

আল্লাহ ও তাঁর যিকর-ভক্ত মুসলিম পাঠক কোন কারী আলেমের নিকট মৌখিক মুখস্ত করে নেবেন। অথবা নিজে আরবী শিখে সৃষ্টিকর্তা সুমহান প্রভুর বাণী নিজে পড়ার সৌভাগ্য লাভ করবেন। কারণ ভক্তি-ভাজনের বচনামৃতে পরিতৃপ্ত না হতে পারলে ভক্তের ভক্তি অপূর্ণই থেকে যায়।।

সংক্ষেপ করতে চেয়ে পুস্তিকার হাওয়ালায় কোথাও কোথাও সংকেত ব্যবহার করা হয়েছে যা প্রিয় পাঠক-পাঠিকা অনায়াসে বুঝে নেবেন বলে আশা রাখি। যেমন কুঃ= কুরআন মাজীদ এবং তার পর সুরা ও আয়াত নং, বুঃ= বুখারী, মুঃ= মুসলিম, আঃদাঃ= আবু দাউদ, তিঃ= তিরমিযী, নাঃ= নাসাঈ, ইঃমাঃ ইবনে মাজাহ, আঃ= আহমাদ, জাঃ জামে', মাঃ= মাজমাউ, ইঃগঃ= ইরওয়াউল গালীল, সঃ= সহীহ ইত্যাদিকে বুঝিয়েছি।

বিশেষ কতকগুলো আরবী অক্ষর উচ্চারণের প্রয়াসে বিশেষ বানান প্রদন্ত হয়েছে। যেমন, $\dot{\omega}=\dot{\gamma}$, $\dot{\omega}=\dot{\gamma}$,

আব্দুল হামীদ মাদানী,



আল-মাজমাআহ, সউদী আরব ৩০/১০/৯৪

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11668

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন